গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা বিভাগ
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৬৫.০৪.২০১৫/ ৬৮৭৬ **তারিখঃ** ২২ **অক্টোবর ২০২৬ খ্রি.**

বিষয় : বাংলাদেশ স্কাউটস কর্তৃক আয়োজিত দ্বাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণকারী দলের নাম ও রেজি: ফি প্রেরণ সম্পর্কীয়।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ স্কাউটস এর ব্যবস্থাপনায় আগামী ২৪-৩০ ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত পূর্বাচল, ঢাকায় **'দ্বাদশ জাতীয় রোভার মুট'** অনুষ্ঠিত হবে। মাননীয় প্রধানমন্ত্রী মুটের শুভ উদ্বোধন করবেন বলে আশা করা যাচ্ছে। দ্বাদশ জাতীয় রোভার মুট সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় মন্ত্রিপরিষদ সচিব মহোদয়কে আহ্বায়ক করে ৭৭ সদস্য বিশিষ্ট একটি শক্তিশালী মুট সাংগঠনিক কমিটি গঠন করা হয়েছে।

উক্ত মুটে দেশের ৬৪টি জেলার বিভিন্ন কলেজ থেকে ১,২০০টির অধিক রোভার স্কাউট দল অংশগ্রহণ করবে বলে আশা করা যাচ্ছে। দীক্ষাপ্রাপ্ত ৮ জন রোভার স্কাউট ও ১ জন প্রশিক্ষণপ্রাপ্ত রোভার স্কাউট লিডার (শিক্ষক) সমন্বয়ে ১টি দল গঠিত হবে। ছেলে দলের সাথে প্রশিক্ষণপ্রাপ্ত পুরুষ রোভার লিডার ও মেয়ে দলের সাথে অবশ্যই প্রশিক্ষণপ্রাপ্ত মহিলা রোভার লিডার থাকতে হবে। প্রতিটি দলকে মুটের নির্দিষ্ট রেজিস্ট্রেশন ফরম পূরণ ও নির্ধারিত ফি পরিশোধ করে যথানিয়মে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। উক্ত রোভার মুটে অংশগ্রহণের জন্য বাংলাদেশ স্কাউটস থেকে নির্ধারিত রেজিস্ট্রেশন ফি প্রেরণ সম্পর্কিত নির্দেশনাবলী নিম্নরূপ :

১। প্রতিটি দলের জন্য ৩,০০০.০০ (তিন হাজার) টাকার ১টি ডিডি/পে-অর্ডার মারফত **'দ্বাদশ জাতীয় রোভার মুট'** শিরোনামে রেজিস্ট্রেশন ফি **আগামী ২০ অক্টোবর, ২০২৬ তারিখের** মধ্যে বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল, জাতীয় স্কাউট ভবন (১৪তলা), **৬০ আজুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০"** এই ঠিকানায় পাঠাতে হবে।

২। ডিডি/পে-অর্ডার এর সাথে প্রতিটি দলের ২ সেট কাগজপত্রের হার্ডকপি জেলার মাধ্যমে (রেজিঃ ফরম ও অভিভাবকের সম্মতিপত্র) রোভার অঞ্চলে পাঠাতে হবে।

৩। **কোনক্রমেই মেয়ে দলের সাথে পুরুষ রোভার লিডার প্রেরণ করা যাবে না।**

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে, আপনার কলেজ থেকে ২টি দল অর্থাৎ ১টি ছেলে ও ১টি মেয়ে দলকে মনোনীত করে রেজিস্ট্রেশন ফিসহ কাগজপত্র জেলা রোভার স্কাউটস সম্পাদকের মাধ্যমে **আগামী ২০ অক্টোবর, ২০২৬ তারিখের** মধ্যে বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল, জাতীয় স্কাউট ভবন (১৪তলা), ৬০ আজুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০" এই ঠিকানায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

২২/১০/২০২৬
(প্রফেসর মো: শহিদুল ইসলাম)
উপপরিচালক, শারীরিক শিক্ষা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

০১। পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)

২২/১০/২৬

সংযুক্তি :
১) মুট পরিপত্র-১ ;
২) ইউনিট রেজিস্ট্রেশন ফরম-সংযোজনী 'ক' ও অভিভাবকের অনুমতিপত্র সংযোজনী 'খ'।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে:
০১। কমিশনার, বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ।
০২। অধ্যক্ষ, সরকারি/বেসরকারী কলেজ (সকল)।
০৩। সহ-সভাপতি (সকল), বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল;
০৪। নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস;
০৫। আঞ্চলিক উপ-কমিশনার (প্রোগ্রাম ও আন্তর্জাতিক), বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল;
০৬। বিভাগীয় রোভার নেতা প্রতিনিধি (সকল), বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল;
০৭। কমিশনার/সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, জেলা রোভার (সকল)। আপনার জেলার আওতাধীন কলেজসমূহ থেকে ইউনিট প্রেরণে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ করা হলো।
০৮। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল;
০৯। বিভাগীয় সিনিয়র রোভার মেট প্রতিনিধি (সকল), বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল (প্রয়োজনীয় সহযোগিতার জন্য)।
১০। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।
১১। সংরক্ষণ নথি।